ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৩৮

আগরতলা, ১ নভেম্বর, ২০২৫

**রাজভবনে ৮ রাজ্য এবং ৫ কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতিষ্ঠা দিবস উদযাপিত**

আজ রাজভবনে মোট ৮টি রাজ্য এবং ৫টি কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতিষ্ঠা দিবস উদযাপিত হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এই অনুষ্ঠানের সূচনা করে বলেন, এই ধরণের অনুষ্ঠান দেশীয় ঐক্যকে শক্তিশালী করবে এবং বৈচিত্রের মধ্যে ঐক্যের ভাবধারাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। তিনি বলেন, এই অনুষ্ঠান উদযাপনের মধ্যদিয়ে সেইসকল রাজ্যগুলির সংস্কৃতি ও ঐতিহ্য এবং মানুষ সম্পর্কে ধারণা লাভ করার সুযোগ হয়। রাজ্যপাল তাঁর বক্তব্যে ভারতবর্ষকে ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার জন্য সকল অংশের মানুষকে কাজ করার আহ্বান জানান।

উল্লেখ্য, আজ অন্ধপ্রদেশ, ছত্রিশগড়, হরিয়াণা, কর্ণাটক, কেরালা, মধ্যপ্রদেশ, পাঞ্জাব এবং তামিলনাডু রাজ্য ও আন্দামান এবং নিকোবর দীপপুঞ্জ, চন্ডীগড়, দিল্লি, লাক্ষাদ্বীপ এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরীর প্রতিষ্ঠা দিবস। আজ রাজভবনে কেরালা, হরিয়াণা, তামিলনাড়ু, দিল্লি, ছত্রিশগড় এবং অন্ধপ্রদেশ থেকে আগত প্রতিনিধিগণ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা। অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন সরকারি এবং বেসরকারি সংস্থায় কর্মরত এইসব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মানুষগণ উপস্থিত ছিলেন।

*******